

সবার সাথে চলতেছিল অজানা এই পথের অন্ধকারে,
 কোন্ সকালের হঠাৎ আলোয় পাশে আমার দেখতে পেলেম তারে ॥
 এক নিমেষেই রাত্রি হল ভোর, চিরদিনের ধন যেন সে মোর,
 পরিচয়ের অন্ত যেন কোনোখানে নাইকো একেবারে—
 চেনা কুসুম ফুটে আছে না-চেনা এই গহন বনের ধারে
 অজানা এই পথের অন্ধকারে ॥
 জানি জানি দিনের শেষে সন্ধ্যাতিমির নামবে পথের মাঝে—
 আবার কখন পড়বে আড়াল, দেখাশোনার বাঁধন রবে না যে ।
 তখন আমি পাব মনে মনে পরিচয়ের পরশ ক্ষণে ক্ষণে,
 জানব চিরদিনের পথে আঁধার আলোয় চলছি সারে সারে—
 হৃদয়-মাঝে দেখব খুঁজে একটি মিলন সব-হারানোর পারে
 অজানা এই পথের অন্ধকারে ॥

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Pilu

Visit www.geetabitan.com for notation and other detail